

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.৫২৩.২০১৭-২৫৮৭

তারিখঃ ১৬ পৌষ ১৪২৪
২০ ডিসেম্বর ২০১৭


বিষয় : রীট পিটিশন নং-১৬৬১১/২০১৭, [পিটিশনার মোঃ আব্দুর রাজ্জাক, পিতা-হাজী মোঃ মোকসেদ, গ্রাম-নলুয়া দক্ষিণ পাড়া, শাহজাদপুর পৌরসভা, থানা-শাহজাদপুর, জেলা-সিরাজগঞ্জ - বনাম - সরকার ও অন্যান্য] এ সরকার পক্ষে, প্রতিদ্বন্দ্বিতা প্রসঙ্গে।

সূত্র: সহকারী রেজিস্ট্রার কর্তৃক ০৩.১২.২০১৭ তারিখে প্রেরিত বাংলাদেশ সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগের ২৬.১১.২০১৭ তারিখের আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, সিরাজগঞ্জ জেলাধীন শাহজাদপুর পৌরসভার ৭নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ আব্দুর রাজ্জাককে সাময়িক বরখাস্ত আদেশের বিরুদ্ধে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়সহ ৬ জনকে প্রতিপক্ষ করে এই রীটটি দায়ের করা হয়েছে। হাইকোর্ট বিভাগ শুনানী অন্তেঃ তর্কিত বরখাস্ত আদেশ কেন আইনগত কর্তৃত্ব বহির্ভূত ঘোষণা করা হবেনা সে মর্মে প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। তর্কিত প্রজ্ঞাপনটি আদেশের তারিখ থেকে পরবর্তী ৬(ছয়) মাসের জন্য স্থগিত করেছেন।

২। এমতাবস্থায়, ১নং প্রতিপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা এতদসঙ্গে প্রেরণপূর্বক জবাব দাখিল ও বর্ধিত সময় মঞ্জুরসহ মামলা প্রতিদ্বন্দ্বিতার যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত : বর্ণনামতে ১(এক) ফর্দ।


(মুহাম্মদ আনোয়ার পাশা)
উপসচিব (আইন-১)
ফোনঃ+৮৮০২-৯৫৪০৯৯৫
e-Mail: dslaw1.lgd.gov@gmail.com

বিজ্ঞ সলিসিটর
সলিসিটর উইং
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সুপ্রীমকোর্ট প্রাঙ্গন, ঢাকা।

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা।
২. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ।
৩. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. অফিস কপি/মাস্টার কপি।